

নারী / শিশু নির্যাতন সম্পর্কে কোরআন

বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “নারী / শিশু নির্যাতন সম্পর্কে কোরআন”।

পবিত্র কুরআনুল করিমে আল্লাহ ইরশাদ করেন:

১। তোমাদের কি হল যে, তোমরা যুদ্ধ করিবে না আল্লাহর পথে এবং অসহায় নর-নারী এবং শিশুদের জন্য, যাহারা বলে, হে আমাদের প্রতিপালক! এই জনপদ যাহার অধিবাসী জালিম, উহা হইতে আমাদের অন্যত্র লইয়া যাও; তোমার নিকট হইতে কাহাকেও আমাদের অভিভাবক কর এবং তোমার নিকট হইতে কাহাকেও আমাদের সহায় কর।

وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ
الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا
وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا ﴿٧٥﴾

তোমাদের কী হইল যে, তোমরা যুদ্ধ করিবে না আল্লাহর পথে এবং অসহায় নরনারী এবং শিশুগণের জন্য, যাহারা বলে, ‘হে আমাদের প্রতিপালক! এই জনপদ-যাহার অধিবাসী জালিম, উহা হইতে আমাদেরকে অন্যত্র লইয়া যাও; তোমার নিকট হইতে কাহাকেও আমাদের অভিভাবক কর এবং তোমার নিকট হইতে কাহাকেও আমাদের সহায় কর।’ সূরা নিসা ৪: ৭৫

২। আল্লাহ মুমিনদের জন্য দিতেছেন, ফেরাউন পত্নীর দৃষ্টান্ত, যে প্রার্থনা করিয়াছিল: হে আমার প্রতিপালক। তোমার সান্নিধানে জান্নাতে আমার জন্য একটি গৃহ নির্মাণ করিও এবং আমাকে উদ্ধার কর ফেরাউন ও তাহার দুষ্কর্তী হইতে এবং আমাকে উদ্ধার করো জালিম সম্প্রদায় হইতে।

وَضَرَبَ اللَّهُ مَثَلًا لِلَّذِينَ آمَنُوا امْرَأَةٌ فِرْعَوْنَ إِذْ قَالَتْ رَبِّ ابْنِ لِي عِنْدَكَ بَيْتًا فِي
الْجَنَّةِ وَنَجِّنِي مِنَ فِرْعَوْنَ وَعَمَلِهِ وَنَجِّنِي مِنَ الْقَوْمِ الظَّالِمِينَ ﴿١١﴾

আল্লাহ মুমিনদের জন্য দিতেছেন ফেরাউন পত্নীর দৃষ্টান্ত, যে প্রার্থনা করিয়াছিল : ‘হে আমার প্রতিপালক! তোমার সান্নিধানে জান্নাতে আমার জন্য একটি গৃহ নির্মাণ করিও এবং আমাকে উদ্ধার কর ফেরাউন ও তাহার দুষ্কর্তী হইতে এবং আমাকে উদ্ধার কর জালিম সম্প্রদায় হইতে।’ সূরা তাহরীম

৬৬: ১১